

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(নিয়োগ শাখা)

www.supremecourt.gov.bd

সাকুলার নং- ০২

এ,

তারিখঃ-১৯/০১/২০১৭ খ্রি।

বিষয় :- অধস্তন আদালতে সংঘটিত অনাকাঙ্ক্ষিত ঘটনা বাংলাদেশ সুপ্রীম কোর্টকে তাৎক্ষণিক অবহিতকরণ প্রসঙ্গে।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃপক্ষের গোচরীভূত হয়েছে যে, সম্প্রতি দেশের অধস্তন আদালত বা বিচার বিভাগীয় কার্যক্রম সংশ্লিষ্ট নানা অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটছে। অধস্তন আদালতসমূহের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানকারী কর্তৃপক্ষ হিসেবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বাংলাদেশ সুপ্রীম কোর্টকে এরূপ ঘটনা তাৎক্ষণিক অবহিত করা আবশ্যিক হলেও; লক্ষ্য করা যাচ্ছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ সকল বিষয় অত্র কোর্টকে অবহিত করছেন না। ফলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে না।

০২। এমতাবস্থায়, ভবিষ্যতে দেশের অধস্তন আদালত বা বিচার বিভাগীয় কার্যক্রম সংশ্লিষ্ট যেকোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তাৎক্ষণিকভাবে বাংলাদেশ সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়কে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এই নির্দেশনা ব্যত্যয়কারীর বিরুদ্ধে যথাযথ বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাঃ

(আবু সৈয়দ দিলজার হোসেন)

রেজিস্ট্রার

ফোনঃ ৯৫১৪৬৪৬।

ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :


- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ,----- (সকল)
- ৩। মহানগর দায়রা জজ, --- (সকল)
- ৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, -----(সকল)।
- ৫। বিচারক(জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ----- (সকল)।
- ৬। বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিষয়কারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,----- (সকল)।
- ৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,----- (সকল)।
- ৮। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
- ৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,----- (সকল)।
- ১০। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ১১। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ----- (সকল)।
- ১২। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত -----(সকল)।
- ১৩। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা
- ১৪। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,----- (সকল)।
- ১৫। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা
- ১৬। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
- ১৭। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
- ১৮। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
- ১৯। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
- ২০। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,----- (সকল)
- ২১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,----- (সকল)
- ২২। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪ আঃ গণি রোড, ঢাকা।
- ২৩। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

স্মারক নং- ৬০৬

তারিখঃ ১৯/০১/২০১৭ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।



১৭-০১-১৭

(মোঃতাহিম বিলিয়াহ)

সহকারী রেজিস্ট্রার (বিচার)

ফোন : ৯৫৬১৯৩২ (অফিস)।